শিক্ষাক্রম ২০২২

বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : জীবন ও জীবিকা | ষষ্ঠ শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

সূচিপত্র

ভূমিকা ১

ক) শিখনকালীন মূল্যায়ন ১

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ২

গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ ২

ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা ২

পরিশিষ্ট ১ ৪

শিখন যোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI) ৪

পরিশিষ্ট ২ ৬

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ৬

পরিশিষ্ট ৩ ১৮

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক ১৮

পরিশিষ্ট ৪ ২১

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট ২১

ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

২০২৩ সাল থেকে শুরু হওয়া নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন প্রক্রিয়ার আপনাকে সহায়তা দেওয়ার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেওয়া আছে। তা সত্ত্বেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে এবং মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

যে বিষয়গুলো মনে রাখতে হবে,

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান- জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী নিজ নিজ প্রেক্ষাপটে বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে তার পারদর্শিতার ভিত্তিতে শিক্ষক মূল্যায়নের উপাত্ত সংগ্রহ করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

২০২৩ সালে ষষ্ঠ শ্রেণির শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (ষষ্ঠ শ্রেণির জীবন ও জীবিকা বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেওয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (□ ○ △) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর মূল্যায়ন করা হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি অধ্যায় বা ইউনিট বা শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অধ্যায় বা অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (অ্যাসাইনমেন্ট, প্রকল্প, ইভেন্ট আয়োজন, সমস্যা সমাধান ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে।

ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি অধ্যায় বা শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি অধ্যায় বা শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেওয়া আছে। প্রতিটি অধ্যায় বা শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেওয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেওয়া আছে। এই ছকে অধ্যায় বা নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে

প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন, এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (◻ ○ △) ভরাট করবেন। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে অধ্যায় বা শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যেসকল প্রমাণকের সাহায্যে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলো শিক্ষাবর্ষের শেষদিন পর্যন্ত সংরক্ষণ করবেন।

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৩ সালের জুন মাসের শেষ দুই সপ্তাহে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও ডিসেম্বর মাসের দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নের রুটিন অনুযায়ী প্রতিটি বিষয়ের সামষ্টিক মূল্যায়নের জন্য একটি নির্দিষ্ট দিন বরাদ্দ থাকবে। সামষ্টিক মূল্যায়নের ধরন অনুযায়ী বিভিন্ন বিষয়ের জন্য প্রয়োজনীয় সময় ভিন্ন হতে পারে। সামষ্টিক মূল্যায়নের জন্য নির্ধারিত কাজ শিক্ষার্থীরা সামষ্টিক মূল্যায়ন শুরু করার এক সপ্তাহ পূর্ব থেকেই শুরু করবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী স্ব স্ব বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের একক বা দলীয়ভাবে পূর্বনির্ধারিত এসাইনমেন্ট বা প্রজেক্ট ওয়ার্ক বা ইভেন্ট আয়োজন বা সমস্যা সমাধান ইত্যাদি কাজে অংশগ্রহণ করতে হবে। সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ছক এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রেরণ করা হবে।

গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ জীবন ও জীবিকা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (◻ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ (△) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভূজ (△) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত (○) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ত্রিভূজ (◻) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোনো কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন - নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোনো শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোনো শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে

ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে। অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোনো শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরনের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

পরিশিষ্ট ১

শিখন যোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

একক যোগ্যতা	পারদর্শিতা সূচক (PI) নং	পারদর্শিতার সূচক	পারদর্শিতার মাত্রা		
			□	○	△
৬.১ নিজের পছন্দ যোগ্যতা বিবেচনা করে জীবনের লক্ষ্য নির্ধারণ করতে পারা এবং স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়নের কৌশল জেনে তা প্রণয়ন করতে পারা।	৬.১.১	নিজের পছন্দ ও যোগ্যতা বিবেচনা করে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করা	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো আংশিক নির্ণয় করে পছন্দ ও যোগ্যতার সাথে সম্পর্কহীন নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো যথাযথভাবে নির্ণয় করে পছন্দ ও যোগ্যতার সাথে আংশিক সংশ্লিষ্ট নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো যথাযথভাবে নির্ণয় করে নিজ সম্পর্কে অপরের ধারণা বিবেচনায় নিয়ে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।
	৬.১.২	নিজের জীবনের লক্ষ্য অর্জনের জন্য স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা	লক্ষ্যের সাথে তেমন সম্পর্ক নেই এমন আংশিক স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে	লক্ষ্যের সাথে মিল রেখে আংশিক স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে	লক্ষ্যের সাথে মিল রেখে যথাযথ স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে
৬.২ প্রযুক্তির উন্নয়ন, শিল্পবিপ্লব এবং স্থানীয় ও জাতীয় পরিস্থিতি ও চাহিদার পরিপ্রেক্ষিতে স্থানীয় ও দেশীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করতে পারা, পেশাগুলোর মৌলিক দক্ষতাসমূহ বিশ্লেষণ করে এইসব দক্ষতা অর্জনে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার গুরুত্ব বিশ্লেষণ ও অনুধাবন করতে পারা।	৬.২.১	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করা	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন আংশিক নির্ধারণ করতে পেরেছে কিন্তু পরিবর্তনের কারণসমূহ যথাযথভাবে নির্ণয় করতে পারেনি।	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরণ যথাযথভাবে নির্ধারণ করলেও পরিবর্তনের কারণ আংশিক নিরূপণ করতে পেরেছে।	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন যথাযথভাবে নির্ধারণ করে পরিবর্তনের কারণসমূহ খুঁজে বের করেছে।
	৬.২.২	সুনির্দিষ্ট একটি পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো অনুসন্ধান করে সেগুলো অর্জনের জন্য বিদ্যমান সুযোগগুলো শনাক্ত করা।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ আংশিক চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করে সেগুলো অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করেছে।
৬.৩ দলীয়ভাবে বিদ্যালয় বা সামাজিক/ স্থানীয় কোনো সমস্যা চিহ্নিত করে সমাধানের এাধিক উপায় অন্বেষণ করা এবং কার্যকর যোগাযোগের মাধ্যমে ফলপ্রসু সমাধান চিহ্নিত করতে পারা এবং	৬.৩.১	কার্যকর যোগাযোগের মাধ্যমে সহযোগিতামূলক মনোভাব বজায় রেখে সমস্যা সমাধানের প্রয়াস নেওয়া	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করার চেষ্টা করে।	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করে,	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করে, দলীয়কাজে নিজের মতামত প্রদান করে, নিজের কাজের বিষয়ে

দলীয়ভাবে দায়িত্ব ভাগ করে সমাধানের প্রয়াস নিতে পারা।				দলীয়কাজে নিজের মতামত প্রদান করে।	অন্যের মতামত শুনতে আগ্রহী এবং অন্যকে দলীয় কাজে সহায়তা করে।
৬.৪ নিজ ও পারিবারিক কাজের দায়িত্ব আস্থার সঙ্গে পালন করা এবং বিদ্যালয় ও সামাজিক ক্ষেত্রে নিজের দায়িত্ব ও কর্তব্য শনাক্ত করে দায়িত্ব পালনে সচেষ্ট হওয়া।	৬.৪.১	নিজের কাজ নিজে করা	নিজের কাজ মাঝে মাঝে করা।	নিজের সকল কাজ স্বতঃস্ফূর্তভাবে নিয়মিত করা।	নিজের সকল কাজ স্বতঃস্ফূর্ত ও সুচারুভাবে নিয়মিত করা।
	৬.৪.২	পারিবারিক কাজে অংশগ্রহণ করা	পারিবারিক কাজে মাঝে মাঝে সহায়তা করা।	পারিবারিক কাজে নিয়মিতভাবে সহায়তা করা।	পারিবারিক কাজে স্বতঃস্ফূর্ত ও নিয়মিতভাবে সহায়তা করা।
৬.৫ অভিভাবকের সহযোগিতায় স্কুল ব্যাংকিং এর আওতায় সঞ্চয়ের নিমিত্তে স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে ও তা নিষ্ঠার সঙ্গে পরিচালনা করতে পারা।	৬.৫.১	আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে পরিকল্পিত সঞ্চয় করা	কদাচিৎ আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে অপরিকল্পিত সঞ্চয় করেছে।	মাঝে মাঝে আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে সঞ্চয় করেছে।	নিয়মিত ও যথাযথভাবে আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে আর্থিক পরিকল্পনা অনুযায়ী সঞ্চয় করেছে।
৬.৬ ভবিষ্যৎ পেশায় প্রাধান্য বিস্তারকারী ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব বিশ্লেষণ করে নিজেকে তার সঙ্গে অভিযোজনের জন্য মানসিক প্রস্তুতি গ্রহণ করতে পারা।	৬.৬.১	৪০ বছর পরের নিজ এলাকার প্রত্যাশিত ভবিষ্যৎ কল্পনা করে তার চিত্র আকাঁ বা তা নিয়ে গল্প লিখা।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি বিবেচনা না করে নিজ এলাকার ভবিষ্যতের চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি আংশিক বিবেচনা নিয়ে নিজ এলাকার ভবিষ্যৎ কল্পনা করে তার চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি বিবেচনা নিয়ে নিজ এলাকার ভবিষ্যৎ যৌক্তিকভাবে কল্পনা করে তার চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।
	৬.৬.২	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশায় নতুন প্রযুক্তির প্রভাব বিশ্লেষণ করা।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির সাধারণ প্রভাব আংশিক বিশ্লেষণ করতে পেরেছে।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশার উপর একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব আংশিক বিশ্লেষণ করতে পেরেছে।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশার উপর একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব যথাযথভাবে বিশ্লেষণ করতে পেরেছে।
৬.৭ কৃষি ও সেবা খাতের একাধিক কাজ/আইটেমের ওপর প্রাথমিক দক্ষতা প্রদর্শন করতে পারা।	৬.৭.১	৬.৭.১ সঠিকভাবে ভাত রান্না করতে পারা এবং বাড়িতে নিয়মিত ভাত রান্নার অনুশীলন করা।	ভাত রান্নায় আংশিক দক্ষতা অর্জন করেছে ও কদাচিৎ বাড়িতে ভাত রান্নার অনুশীলন করে।	পরিচ্ছন্নতা বজায় রেখে, নিরাপত্তা মেনে, ভাত রান্না করতে পারে এবংবাড়িতে মাঝেমাঝে অনুশীলন করে।	পরিচ্ছন্নতা বজায় রেখে, নিরাপত্তা মেনে, ভাত রান্না করতে পারে এবং বাড়িতে নিয়মিত অনুশীলন করে।
	৬.৭.২	৬.৭.২ সঠিকভাবে, সতর্কতা বজায় রেখে গাছের গাছে গ্রাফটিং করতে পারা এবং বাড়িতে অন্তত একটি গাছের গ্রাফটিং করা।	প্রক্রিয়া অবলম্বন না করে গ্রাফটিং করার চেষ্টা করেছে।	পদ্ধতিগতভাবে সতর্কতা বজায় রেখে অন্তত একটি গাছের গ্রাফটিং প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করেছে কিন্তু উপজোড়কে টিকানো যায়নি।	পদ্ধতিগতভাবে সতর্কতা বজায় রেখে অন্তত একটি গাছে সফল গ্রাফটিং সম্পন্ন করেছে।

পরিশিষ্ট ২

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

ষষ্ঠ শ্রেণির নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট পরবর্তী পৃষ্ঠা থেকে ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা বা অধ্যায় শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতা/অধ্যায়ের সাথে দেওয়া আছে। একটা বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, **শিক্ষার্থী জীবন ও জীবিকা বিষয়ভিত্তিক জ্ঞান কতটা মুখস্থ করতে পারছে, শিক্ষক কখনই তার ভিত্তিতে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রা নির্ধারণে করবেন না। বরং যেসব পারদর্শিতার সূচকের ক্ষেত্রে বিষয়ভিত্তিক জ্ঞান প্রাসঙ্গিক, সেখানে পাঠ্যবই বা অন্য যেকোনো নির্ভরযোগ্য রিসোর্স থেকে তথ্য নিয়ে কীভাবে সেই তথ্য ব্যবহার করছে তার ওপর শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা নির্ভর করবে।**

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতা/অধ্যায়ের ক্ষেত্রে শিক্ষার্থীর যে পারদর্শিতা দেখে শিক্ষক তার অর্জিত মাত্রা নিরূপণ করবেন তা সংশ্লিষ্ট পারদর্শিতার মাত্রার নিচে দেওয়া আছে; এবং যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করে এই ইনপুট দেবেন তাও ছকের ডান পাশে উল্লেখ করা আছে। পরিশিষ্ট-৩ এ শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য সংগ্রহের একটা ফাঁকা ছক দেওয়া আছে। ঐ ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে শিক্ষক প্রতিটি শিখন অভিজ্ঞতার তথ্য সংগ্রহ ও সংরক্ষণে ব্যবহার করতে পারবেন।

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক		
অধ্যায় নং : ১ **অধ্যায়ের শিরোনাম : কাজের মাঝে আনন্দ**	**শ্রেণি : ৬ষ্ঠ**	**বিষয় :** জীবন ও জীবিকা

পারদর্শিতার সুচক (PI)	**পারদর্শিতার সুচকের মাত্রা**			**যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন**
	□	○	△	
৬.৪.১ নিজের কাজ নিজে করা	নিজের কাজ মাঝে মাঝে করা।	নিজের সকল কাজ স্বতঃস্ফূর্তভাবে নিয়মিত করা।	নিজের সকল কাজ স্বতঃস্ফূর্ত ও সুচারুভাবে নিয়মিত করা।	-এই অধ্যায়ের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ - সঠিক তথ্য উপস্থাপন -শিক্ষার্থীর পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ২, ৮, ৯, ১৫, ১৭, ২০, ২১, ২২, ২৪ - শিক্ষার্থীর জমা দেওয়া জীবন ও জীবিকা খাতা (শ্রেণির কাজ ও বাড়ির কাজ যে খাতায় করবে) - শিক্ষার্থীর জমা দেওয়া পোস্টার/কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/তালিকা/গল্প - ভূমিকাভিনয়ের ছবি/ভিডিও - পাঠ্যপুস্তকে সন্নিবেশিত স্বমূল্যায়ন ছক - এছাড়াও বিদ্যালয়ে অবস্থানকালীন সময়ে বিভিন্ন ধরনের কাজ, সংশ্লিষ্ট আচরণ ও অভিভাবক সভায় বা অন্যান্য সময়ে অভিভাবকের কাছ থেকে প্রাপ্ত তথ্য। (উল্লিখিত কার্যক্রম ও অন্যান্য বিষয়গুলো পর্যবেক্ষণ করতে হবে। ওখান থেকে পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ মিলিয়ে মূল্যায়ন করবেন।
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। ছক: ১.১, ১.২, ১.৪ (১-৭ পয়েন্ট পর্যন্ত) সঠিক তথ্য দিয়ে পূরণ করেছে ২। 'বাচতে হলে শিখতে হবে'- এই কেসটি পড়ে শিক্ষার্থীরা 'কী উপলব্ধি করতে পেরেছে তা একটি বাক্যে প্রকাশ করতে পেরেছে (শিক্ষক সহায়িকার ২য় ক্লাস অনুযায়ী) ৩। নিজ কাজের ওপর পোস্টার/কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/তালিকা/গল্প ইত্যাদির যেকোনো একটি কাজ করে জমা দিয়েছে (শিক্ষক সহায়িকার ২য় ক্লাস অনুযায়ী) ৪। দৃশ্যপট ১ ও ২ পড়ে দলগতভাবে প্রশ্নগুলোর জবাব প্রস্তুত করতে পেরেছে (শিক্ষক সহায়িকার ৪র্থ ক্লাস অনুযায়ী)	১। ছক: ১.১, ১.২, ১.৪ (১-৭ পয়েন্ট পর্যন্ত) সঠিক তথ্য দিয়ে পূরণ করেছে ২। 'বাচতে হলে শিখতে হবে'- এই কেসটি পড়ে শিক্ষার্থীরা 'কী উপলব্ধি করতে পেরেছে তা একটি বাক্যে প্রকাশ করতে পেরেছে ৩। নিজ কাজের ওপর পোস্টার/কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/তালিকা/গল্প ইত্যাদির যেকোনো একটি কাজ করে জমা দিয়েছে ৪। খেতাব চার্টে নিয়মিত নিজের অবস্থান চিহ্নিত করছে ৫। দৃশ্যপট ১, ২ পড়ে দলগতভাবে প্রশ্নগুলোর জবাব প্রস্তুত করতে পেরেছে ৬। ছক ১.১,১.২,১.৪ এর সাপ্তাহিক অনুশীলন চার্ট প্রস্তুত করে নিয়মিত তথ্য এন্ট্রি দিচ্ছে ৭। অভিভাবকের মতামত সংগ্রহ করেছে । ৮। অভিভাবকের মতামত অনুযায়ী শিক্ষার্থী নিয়মিত নিজের কাজ করে।	১। ছক: ১.১, ১.২, ১.৪ (১-৭ পয়েন্ট পর্যন্ত) সঠিক তথ্য দিয়ে পূরণ করেছে ২। 'বাচতে হলে শিখতে হবে'- এই কেসটি পড়ে শিক্ষার্থীরা 'কী উপলব্ধি করতে পেরেছে তা একটি বাক্যে প্রকাশ করতে পেরেছে ৩। নিজ কাজের ওপর পোস্টার/কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/তালিকা/গল্প ইত্যাদির যেকোনো একটি কাজ করে জমা দিয়েছে ৪। খেতাব চার্টে নিয়মিত নিজের অবস্থান চিহ্নিত করছে ৫। দৃশ্যপট ১, ২ পড়ে দলগতভাবে প্রশ্নগুলোর জবাব প্রস্তুত করতে পেরেছে ৬। খাবার গ্রহণ ও বিছানা গোছানোর নিয়মগুলো ভূমিকাভিনয় করে দেখাতে পারছে ৭। ছক ১.১,১.২,১.৪ এর সাপ্তাহিক অনুশীলন চার্ট প্রস্তুত করে নিয়মিত তথ্য এন্ট্রি দিচ্ছে ৮। অভিভাবকের মতামত সংগ্রহ করেছে ৯। অভিভাবকের মতামত অনুযায়ী শিক্ষার্থী স্বতঃস্ফূর্তভাবে নিয়মিত নিজের কাজ করে।	

৬.৪.২ পারিবারিক কাজে অংশগ্রহণ করা	পারিবারিক কাজে মাঝে মাঝে সহায়তা করা।	পারিবারিক কাজে নিয়মিতভাবে সহায়তা করা।	পারিবারিক কাজে স্বতঃস্ফূর্ত ও নিয়মিতভাবে সহায়তা করা।	
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। ছক: ১.৩, ১.৪ (৮-১৫ পয়েন্ট পর্যন্ত) সঠিক তথ্য দিয়ে পূরণ করেছে ২। পারিবারিক কাজের ওপর পোস্টার/কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/তালিকা/গল্প ইত্যাদির যেকোনো একটি কাজ করে জমা দিয়েছে	১। ছক: ১.৩, ১.৪ (৮-১৫ পয়েন্ট পর্যন্ত) সঠিক তথ্য দিয়ে পূরণ করেছে ২। পারিবারিক কাজের ওপর পোস্টার/কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/তালিকা/গল্প ইত্যাদির যেকোনো একটি কাজ করে জমা দিয়েছে ৩। খেতাব চার্টে নিয়মিত নিজের অবস্থান চিহ্নিত করছে ৪। ছক ১.১,১.২,১.৪ এর সাপ্তাহিক অনুশীলন চার্ট প্রস্তুত করে নিয়মিত তথ্য এন্ট্রি দিচ্ছে ৫। অভিভাবকের মতামত সংগ্রহ করেছে ৬। অভিভাবকের মতামত অনুযায়ী শিক্ষার্থী নিয়মিত পারিবারিক কাজে অংশগ্রহণ করে।	১। ছক: ১.৩, ১.৪ (৮-১৫ পয়েন্ট পর্যন্ত) সঠিক তথ্য দিয়ে পূরণ করেছে ২। পারিবারিক কাজের ওপর পোস্টার/কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/তালিকা/গল্প ইত্যাদির যেকোনো একটি কাজ করে জমা দিয়েছে ৩। খেতাব চার্টে নিয়মিত নিজের অবস্থান চিহ্নিত করছে ৪। কাপড়-চোপড় ও অন্যান্য সামগ্রী গোছানোর নিয়মগুলো ভূমিকাভিনয় করে দেখাতে পারছে ৫। ছক ১.১,১.২,১.৪ এর সাপ্তাহিক অনুশীলন চার্ট প্রস্তুত করে নিয়মিত তথ্য এন্ট্রি দিচ্ছে ৬। অভিভাবকের মতামত সংগ্রহ করেছে অভিভাবকের মতামত অনুযায়ী শিক্ষার্থী স্বতঃস্ফূর্তভাবে নিয়মিত পারিবারিক কাজে অংশগ্রহণ করছে	
বিশেষ নির্দেশনা	১। শিক্ষার্থী কতৃক পূরণকৃত ছক, জমা দেওয়া কাজ, প্রাপ্ত খেতাব, নিয়মিত অনুশীলন ও স্বতঃস্ফূর্ততা যাচাই করার ক্ষেত্রে জন্য শিক্ষার্থীদের শ্রেণির কাজের সক্রিয়তা, সহপাঠিদের প্রতিক্রিয়া, ভূমিকাভিনয় এবং অভিভাবকের মতবিনিময় ইত্যাদির মাধ্যমে সংগ্রহ করতে হবে। ২। দলগত কাজে শিক্ষার্থীর একক অংশগ্রহণ কতটুকু ছিল তা শিক্ষককে পর্যবেক্ষণের মাধ্যমে চিহ্নিত করতে হবে।			

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক			
অধ্যায় নং : ২ **অধ্যায়ের শিরোনাম: পেশার রূপ বদল**	**শ্রেণি : ৬ষ্ঠ**	**বিষয় :** জীবন ও জীবিকা	

পারদর্শিতার সুচক (PI)	**পারদর্শিতার সুচকের মাত্রা**			**যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন**
	□	○	△	
৬.২.১ সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করা	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন আংশিক নির্ধারণ করতে পেরেছে কিন্তু পরিবর্তনের কারণসমূহ যথাযথভাবে নির্ণয় করতে পারেনি।	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরণ যথাযথভাবে নির্ধারণ করলেও পরিবর্তনের কারণ আংশিক নিরূপণ করতে পেরেছে।	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন যথাযথভাবে নির্ধারণ করে পরিবর্তনের কারণসমূহ খুঁজে বের করেছে।	১. শিক্ষার্থীর পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪২, ৪৩ ২. শিক্ষার্থীর জমা দেওয়া জীবন ও জীবিকা খাতা (যে খাতায় শিক্ষার্থীরা জীবন ও জীবিকার বাড়ির কাজ করে) ৩. পাঠ্যপুস্তকে সন্নিবেশিত স্বমূল্যায়ন ছক ৪। এছাড়াও বিদ্যালয়ে অবস্থানকালীন সময়ে বিভিন্ন ধরনের কাজ ও সংশ্লিষ্ট আচরণ
		যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে		
	১। চিত্র ২.২ " হাসপাতালকেন্দ্রিক পেশাসমূহ' এর খালি ঘরগুলো পূরণ করতে পেরেছে ২। বক্স ২.১ ' আমাদের এলাকার বিভিন্ন পেশার তালিকা' পূরণ করতে পেরেছে ৩। পেশার ধরন পরিবর্তন এর দৃশ্যপট-১ উল্লিখিত প্রশ্নগুলোর জবাব লিখতে পেরেছে	১। চিত্র ২.২ " হাসপাতালকেন্দ্রিক পেশাসমূহ' এর খালি ঘরগুলো পূরণ করতে পেরেছে ২। বক্স ২.১ ' আমাদের এলাকার বিভিন্ন পেশার তালিকা' পূরণ করতে পেরেছে ৩। পেশার ধরন পরিবর্তন এর দৃশ্যপট-১ উল্লিখিত প্রশ্নগুলোর জবাব লিখতে পেরেছে ৪। ছক ২.১ এর খালি ঘরগুলোর মধ্যে যেকোনো ৩টির ক্ষেত্রে যথাযথ উত্তর সন্নিবেশিত করতে পেরেছে	১। চিত্র ২.২ " হাসপাতালকেন্দ্রিক পেশাসমূহ' এর খালি ঘরগুলো পূরণ করতে পেরেছে ২। বক্স ২.১ ' আমাদের এলাকার বিভিন্ন পেশার তালিকা' পূরণ করতে পেরেছে ৩। পেশার ধরন পরিবর্তন এর দৃশ্যপট-১ উল্লিখিত প্রশ্নগুলোর জবাব লিখতে পেরেছে ৪। চিত্র ২.৩ ও ২.৪ এর তুলনামূলক বিশ্লেষণ করতে পেরেছে ৫। ছক ২.১ এর সবকটি খালি ঘরে যথাযথ উত্তর সন্নিবেশিত করতে পেরেছে ৬। দৃশ্যপট- ২ এ উল্লিখিত প্রশ্নের জবাব লিখতে পেরেছে	
৬.২.২ সুনির্দিষ্ট একটি পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো অনুসন্ধান করে সেগুলো অর্জনের জন্য বিদ্যমান সুযোগগুলো শনাক্ত করা।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ আংশিক চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করে সেগুলো অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করেছে।	

		যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে		
	১। ছক ২.২ যথাযথভাবে পুরণ করতে পেরেছে ২। কেস ১, কেস ২ এবং কেস ৩ এই তিনটির মধ্যে যেকোনো একটিতে সন্নিবেশিত প্রশ্নগুলোর যথাযথ উত্তর প্রদান করতে পেরেছে ৩। স্বমূল্যায়ন ছকগুলোতে নিজের অবস্থান যাচাই করে নিজের জন্য প্রস্তাবিত সুপারিশ যথাযথভাবে চিহ্নিত করতে পেরেছে	১। ছক ২.২ যথাযথভাবে পুরণ করতে পেরেছে ২। কেস ১, কেস ২ এবং কেস ৩ এই তিনটির মধ্যে যেকোনো দুইটিতে সন্নিবেশিত প্রশ্নগুলোর যথাযথ উত্তর প্রদান করতে পেরেছে ৩। স্বমূল্যায়ন ছকগুলোতে নিজের অবস্থান যাচাই করে নিজের জন্য প্রস্তাবিত সুপারিশ যথাযথভাবে চিহ্নিত করতে পেরেছে	১। ছক ২.২ যথাযথভাবে পুরণ করতে পেরেছে ২। কেস ১, কেস ২ এবং কেস ৩ এই তিনটির সবকটিতে সন্নিবেশিত প্রশ্নগুলোর যথাযথ উত্তর প্রদান করতে পেরেছে ৩। স্বমূল্যায়ন ছকগুলোতে নিজের অবস্থান যাচাই করে নিজের জন্য প্রস্তাবিত সুপারিশ যথাযথভাবে চিহ্নিত করতে পেরেছে	
বিশেষ নির্দেশনা		১। শিক্ষার্থী যেন তার আশেপাশে পরিবেশ থেকে প্রেক্ষাপট নির্বাচন করে তা শিক্ষক লক্ষ্য রাখবেন। ২। যে সেশনে শিক্ষার্থী তার অনুশীলনী বই এ যে ছক, ঘর ইত্যাদি পুরন করার কথা সেদিন ই পুরন করেছে কিনা শিক্ষক যাচাই করবেন এবং শিক্ষার্থীর বই এ প্রয়োজনীয় ফিডব্যাকসহ স্বাক্ষর দিবেন। ৩। যে কাজগুলো দলগত সে কাজগুলো মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক লক্ষ্য রাখবেন দলের প্রত্যেক সদস্য যেন তাদের কাজের উদ্দেশ্য জেনে অংশগ্রহণ করে।		

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক			
অধ্যায় নং : ৩ **অধ্যায়ের শিরোনাম: আগামীর স্বপ্ন**	**শ্রেণি : ৬ষ্ঠ**	**বিষয় :** জীবন ও জীবিকা	

পারদর্শিতার সুচক (PI)	**পারদর্শিতার সুচকের মাত্রা**			**যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন**
	□	○	△	
৬.৬.১ চল্লিশ বছর পরের নিজ এলাকার প্রত্যাশিত ভবিষ্যৎ কল্পনা করে তার চিত্র আকাঁ বা তা নিয়ে গল্প লিখা।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি বিবেচনা না করে নিজ এলাকার ভবিষ্যতের চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি আংশিক বিবেচনা নিয়ে নিজ এলাকার ভবিষ্যৎ কল্পনা করে তার চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি বিবেচনা নিয়ে নিজ এলাকার ভবিষ্যৎ যৌক্তিকভাবে কল্পনা করে তার চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।	১। শিক্ষার্থীর পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৫২, ৫৫, ৫৬, ৫৭, ৫৮ ২। শিক্ষার্থীর জমা দেওয়া জীবন ও জীবিকা খাতা (শিক্ষার্থী যে খাতায় শ্রেণির কাজ ও বাড়ির কাজ করে) ৩। শিক্ষার্থীর জমা দেওয়া (ভবিষ্যত নিয়ে তৈরি করা) কোলাজ/কার্টুন/চিত্র/ছবি/গল্প ৪। অভিনয়ের ছবি/ভিডিও ৫। জীবন ও জীবিকা খাতায় আঁকা ভবিষ্যৎ চক্র ৬। পাঠ্যপুস্তকে সন্নিবেশিত স্বমূল্যায়ন ছকসমূহ
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। চিত্র ৩.১.১ হতে ৩.১.৮ এর মধ্যে যেকোনো দুইটি সম্পর্কে আংশিক তথ্য লিখতে পেরেছে ৩। বক্স ৩.২ এর নির্দেশনা অনুযায়ী এলাকার পরিচিত প্রযুক্তি বিবেচনা না করেই ভবিষয়ৎ নিয়ে গল্প লিখতে/ ছবি/কার্টুন এঁকেছে ৪। স্বমূল্যায়ন ছকগুলোতে নিজের অবস্থান যাচাই করে নিজের জন্য প্রস্তাবিত সুপারিশ যথাযথভাবে চিহ্নিত করতে পেরেছে	১। চিত্র ৩.১.১ হতে ৩.১.৮ এর পাশে এগুলো সম্পর্কিত যথাযথ তথ্য লিখতে পেরেছে ২। বক্স ৩.১ এ তার কাছে বিস্ময়কর প্রযুক্তি ও অনুভূতি প্রকাশ করতে পেরেছে ৩। বক্স ৩.২ এর নির্দেশনা অনুযায়ী এলাকার পরিচিত প্রযুক্তি বিবেচনা করে ভবিষয়ৎ নিয়ে গল্প লিখতে/ ছবি/কার্টুন আঁকতে পেরেছে ৪। স্বমূল্যায়ন ছকগুলোতে নিজের অবস্থান যাচাই করে নিজের জন্য প্রস্তাবিত সুপারিশ যথাযথভাবে চিহ্নিত করতে পেরেছে	১। চিত্র ৩.১.১ হতে ৩.১.৮ এর পাশে এগুলো সম্পর্কিত যথাযথ তথ্য লিখতে পেরেছে ২। বক্স ৩.১ এ তার কাছে বিস্ময়কর প্রযুক্তি ও অনুভূতি প্রকাশ করতে পেরেছে ৩। বক্স ৩.২ এর নির্দেশনা অনুযায়ী এলাকার পরিচিত প্রযুক্তি যৌক্তিকভাবে বিবেচনা করে ভবিষয়ৎ নিয়ে গল্প লিখতে/ ছবি/কার্টুন আঁকতে পেরেছে ৪। স্বমূল্যায়ন ছকগুলোতে নিজের অবস্থান যাচাই করে নিজের জন্য প্রস্তাবিত সুপারিশ যথাযথভাবে চিহ্নিত করতে পেরেছে	
৬.৬.২ ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশায় নতুন প্রযুক্তির প্রভাব বিশ্লেষণ করা।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির সাধারণ প্রভাব আংশিক বিশ্লেষণ করতে পেরেছে।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশার উপর একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব আংশিক বিশ্লেষণ করতে পেরেছে।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশার উপর একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব যথাযথভাবে বিশ্লেষণ করতে পেরেছে।	
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। চিত্র ৩.৫ এর খালি ঘরগুলো যথাযথভাবে পূরণ করতে পেরেছে	১। চিত্র ৩.৫ এর খালি ঘরগুলো যথাযথভাবে পূরণ করতে পেরেছে ২। ভবিষৎ চক্র আঁকার ক্ষেত্রে নিজের পছন্দের প্রযুক্তির প্রভাব বিবেচনায় রাখতে পেরেছে	১। চিত্র ৩.৫ এর খালি ঘরগুলো যথাযথভাবে পূরণ করতে পেরেছে ২। ভবিষৎ চক্র আঁকার ক্ষেত্রে নিজের পছন্দের প্রযুক্তির বিভিন্ন ধরনের প্রভাব বিবেচনায় রাখতে পেরেছে	
বিশেষ নির্দেশনা	শিক্ষার্থীদের লেখা নাটক দৃশ্যায়নের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি ও আয়োজনে শিক্ষককে তার সামর্থ্য অনুযায়ী সহায়তা করতে হবে। উক্ত নাটকে শিক্ষার্থীদের চিন্তা, উপস্থাপন ও আগামীর মুখোমুখি হওয়ার জন্য যে পরিকল্পনা তা ভালোভাবে পর্যবেক্ষন করতে হবে ।			

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক				
অধ্যায় নং : ৪ **অধ্যায়ের শিরোনাম : আর্থিক ভাবনা**		**শ্রেণি : ৬ষ্ঠ**	**বিষয় :** জীবন ও জীবিকা	
পারদর্শিতার সুচক (PI)	**পারদর্শিতার সুচকের মাত্রা**			**যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন**
	□	○	△	
৬.৫.১ আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে পরিকল্পিত সঞ্চয় করা	কদাচিৎ আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে অপরিকল্পিত সঞ্চয় করেছে।	মাঝে মাঝে আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে সঞ্চয় করেছে।	নিয়মিত ও যথাযথভাবে আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে আর্থিক পরিকল্পনা অনুযায়ী সঞ্চয় করেছে।	১। শিক্ষার্থীর পাঠ্যবইয়ের ৬০, ৬২, ৬৩, ৬৭, ৬৯, ৭১, ৭৪,৭৫, ৭৬, ৭৭, ৭৮ ২। শিক্ষার্থীর জমা দেওয়া জীবন ও জীবিকা খাতা (শিক্ষার্থী যে খাতায় শ্রেণির কাজ ও বাড়ির কাজ করে) ৩। শিক্ষার্থীর জমা দেওয়া আর্থিক ডায়েরি ৪। অভিভাবকের মতামত ৫। পাঠ্যপুস্তকে সন্নিবেশিত স্বমূল্যায়ন ছক
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। ছক ৪.১ আর্থিক ডায়েরি, ৪.২ সঞ্চয় সংরক্ষণের উপায় এই দুটি যথাযথভাবে পূরণ করেছে	১। ছক ৪.১ আর্থিক ডায়েরি, ৪.২ সঞ্চয় সংরক্ষণের উপায় এই দুটি যথাযথভাবে পূরণ করেছে ২। পৃষ্ঠা নং ৬০, ৬২, ৬৭ও ৭১ পৃষ্ঠা এর ছকগুলো যথাযথভাবে পূরণ করেছে	১। ছক ৪.১ আর্থিক ডায়েরি, ৪.২ সঞ্চয় সংরক্ষণের উপায় এই দুটি যথাযথভাবে পূরণ করেছে ২। পৃষ্ঠা নং ৬০, ৬২, ৬৭ও ৭১ পৃষ্ঠা এর ছকগুলো যথাযথভাবে পূরণ করেছে ৩। ৭২ পৃষ্ঠার নমুনা অবলম্বনে কোনো কিছু কেনার জন্য আর্থিক পরিকল্পনার ধাপ প্রস্তুত করতে পেরেছে ৪। আর্থিক ডায়েরিতে নিয়মিত আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে ও সঞ্চয়ের হিসাব রাখে।	
বিশেষ নির্দেশনা	জীবন ও জীবিকা খাতায় শিক্ষার্থীরা আর্থিক ডায়েরি তৈরি করেছে কিনা এবং উক্ত ডায়েরিতে নিয়মিত তথ্য এন্ট্রি দিচ্ছে কিনা এই বিষয়গুলো অবশ্যই নিয়মিত পর্যবেক্ষন করে প্রয়োজনীয় ফিডব্যাক দিতে হবে।			

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক		
অধ্যায় নং : ৫ **অধ্যায়ের শিরোনাম : আমার জীবন আমার লক্ষ্য**	**শ্রেণি : ৬ষ্ঠ**	**বিষয় :** জীবন ও জীবিকা

পারদর্শিতার সুচক (PI)	**পারদর্শিতার সুচকের মাত্রা**			**যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন**
	□	○	△	
৬.১.১ নিজের পছন্দ ও যোগ্যতা বিবেচনা করে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করা	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো আংশিক নির্ণয় করে পছন্দ ও যোগ্যতার সাথে সম্পর্কহীন নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো যথাযথভাবে নির্ণয় করে পছন্দ ও যোগ্যতার সাথে আংশিক সংশ্লিষ্ট নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো যথাযথভাবে নির্ণয় করে নিজ সম্পর্কে অপরের ধারণা বিবেচনায় নিয়ে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।	১। শিক্ষার্থীর পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৯১, ৯৩, ৯৪ ২। শিক্ষার্থীর জমা দেওয়া জীবন ও জীবিকা খাতা (শিক্ষার্থী যে খাতায় শ্রেণির কাজ ও বাড়ির কাজ করে) ৩। অভিভাবকের মতামত ৪। পাঠ্যপুস্তকে সন্নিবেশিত স্বমূল্যায়ন ছকসমূহ
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। তিনটি কেস (সাদিয়া, রিফাত ও আসমার) পর্যালোচনা করে সেগুলোতে উল্লিখিত প্রশ্নের জবাব প্রস্তুত করতে পেরেছে ২। ছক ৫.১ 'নিজেকে চেনা' এর ঘরগুলো নিজের পছন্দের কাজ আংশিক চিহ্নিত করে পূরণ করেছে ৩। ছক ৫.৪ ' নিজের ভাবনা' ছকটিতে নিজের জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করতে নিজের পছন্দ, যোগ্যতা ও অপরের প্রত্যাশা বিবেচনা করেনি।	১। তিনটি কেস (সাদিয়া, রিফাত ও আসমার) পর্যালোচনা করে সেগুলোতে উল্লিখিত প্রশ্নের জবাব প্রস্তুত করতে পেরেছে ২। ছক ৫.১ 'নিজেকে চেনা' এর ঘরগুলো নিজের পছন্দের কাজ চিহ্নিত করে পূরণ করেছে ৩। ছক ৫.২ 'আমার ইচ্ছে তালিকা' য় নিজের পছন্দ ও যোগ্যতা আংশিক বিবেচনায় নিয়ে ৪টি ইচ্ছে চিহ্নিত করতে পেরেছে ৪। ছক ৫.৪ ' নিজের ভাবনা' ছকটিতে নিজের জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করতে নিজের পছন্দ, যোগ্যতা ও অপরের প্রত্যাশা আংশিক বিবেচনা করেছে।	১। তিনটি কেস (সাদিয়া, রিফাত ও আসমার) পর্যালোচনা করে সেগুলোতে উল্লিখিত প্রশ্নের জবাব প্রস্তুত করতে পেরেছে ২। ছক ৫.১ 'নিজেকে চেনা' এর ঘরগুলো নিজের পছন্দের কাজ চিহ্নিত করে পূরণ করেছে ৩। ছক ৫.২ 'আমার ইচ্ছে তালিকা' য় নিজের পছন্দ ও যোগ্যতা আংশিক বিবেচনায় নিয়ে ৪টি ইচ্ছে চিহ্নিত করতে পেরেছে ৪। ছক ৫.৩ ' নিজের সম্পর্কে নিকটজনের ভাবনা' এর ঘরগুলো যথাযথ প্রক্রিয়া (নিকটজনের সাথে কথা বলে তাদের দেওয়া তথ্য সন্নিবেশিত করে) অবলম্বন করে পূরণ করেছে ৫। ছক ৫.৪ ' নিজের ভাবনা' ছকটিতে নির্দেশনা অনুসরন করে নিজের জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করতে নিজের পছন্দ, যোগ্যতা ও অপরের প্রত্যাশা বিবেচনা করেছে।	
৬.১.২ নিজের জীবনের লক্ষ্য অর্জনের জন্য স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা	লক্ষ্যের সাথে তেমন সম্পর্ক নেই এমন আংশিক স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে	লক্ষ্যের সাথে মিল রেখে আংশিক স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে	লক্ষ্যের সাথে মিল রেখে যথাযথ স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে	
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			

	১। 'দারিদ্য জয় করে দারিদ্যের পাশে' এই কেসটি পর্যালোচনার ভিত্তিতে ছক ৫.৪ ' নিজের ভাবনা' ছকটিতে নির্দেশনা অনুসরন করে নিজের জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করতে পেরেছে ২। ছক ৫.৫ 'লক্ষ্য পূরণের পরিকল্পনা' তে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করতে পেরেছে	১। 'দারিদ্য জয় করে দারিদ্যের পাশে' এই কেসটি পর্যালোচনার ভিত্তিতে ছক ৫.৪ ' নিজের ভাবনা' ছকটিতে নির্দেশনা অনুসরন করে নিজের জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করতে পেরেছে ২। নিজের জীবনের লক্ষ্যের সাথে আংশিক মিল রেখে ছক ৫.৫ 'লক্ষ্য পূরণের পরিকল্পনা' তে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করতে পেরেছে ৩। ছক ৫.৬ 'লক্ষ্যে পৌঁছানোর রুটিন কাজ' এর প্রতিটি ঘর পূরণ করেছে	১। 'দারিদ্য জয় করে দারিদ্যের পাশে' এই কেসটি পর্যালোচনার ভিত্তিতে ছক ৫.৪ ' নিজের ভাবনা' ছকটিতে নির্দেশনা অনুসরন করে নিজের জীবনের আপাত লক্ষ্য নির্ধারণ করতে পেরেছে ২। নিজের জীবনের লক্ষ্যের সাথে মিল রেখে ছক ৫.৫ 'লক্ষ্য পূরণের পরিকল্পনা' তে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করতে পেরেছে ৩। ছক ৫.৬ 'লক্ষ্যে পৌঁছানোর রুটিন কাজ' এর প্রতিটি ঘর পূরণ করেছে ৪। ছক ৫.৬ এ উল্লিখিত কাজগুলো সম্পাদন সম্পর্কে অভিভাবকের মতামত সংগ্রহ করেছে	
	১। ' নিজের সম্পর্কে নিকটজনের ভাবনা' এর ঘরগুলো শিক্ষার্থীরা যেন যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে পূরণ করে তা লক্ষ্য রাখতে হবে ; (অর্থাৎ নিকটজনের সাথে কথা বলে তাদের দেওয়া তথ্য সন্নিবেশিত করে তা লক্ষ্য রাখতে হবে)। ২। ছক ৫.৬ এ উল্লিখিত কাজগুলো সম্পাদন সম্পর্কে অভিভাবকের মতামত সংগ্রহ করেছে কিনা তার যথার্থতা যাচাই করার জন্য অভিভাবকের সাথে তথ্য সংগ্রহ করে নিতে হবে। ৩। ছক ৫.৬ 'লক্ষ্যে পৌঁছানোর রুটিন কাজ' এর প্রতিটি ঘর নিজের জন্য চিহ্নিত লক্ষ্যের সাথে মিল রেখে পূরণ করেছে কিনা তা ভালোভাবে পর্যবেক্ষণ করে নিতে হবে।			

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক				
অধ্যায় নং : ৬ **অধ্যায়ের শিরোনাম : দশে মিলে করি কাজ**		**শ্রেণি : ৬ষ্ঠ**	**বিষয় :** জীবন ও জীবিকা	
পারদর্শিতার সুচক (PI)	**পারদর্শিতার সুচকের মাত্রা**			**যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন**
	□	○	△	
৬.৩.১ কার্যকর যোগাযোগের মাধ্যমে সহযোগিতামূলক মনোভাব বজায় রেখে সমস্যা সমাধানের প্রয়াস নেওয়া	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করার চেষ্টা করে।	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করে, দলীয়কাজে নিজের মতামত প্রদান করে।	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করে, দলীয়কাজে নিজের মতামত প্রদান করে, নিজের কাজের বিষয়ে অন্যের মতামত শুনতে আগ্রহী এবং অন্যকে দলীয় কাজে সহায়তা করে।	• পৃষ্ঠা ৯৮ এর বক্স ৬.১ • ছক ৬.১ 'সমস্যা অনুসন্ধান' • ২য় ও ৩য় ক্লাসের দলীয় কাজে শিক্ষার্থীর অংশগ্রহণ • পৃষ্ঠা ১০৫- কার্যকর যোগাযোগ দক্ষতার অনুশীলন • ছক ৬.২ সমস্যার সম্ভাব্য সমাধান খুজে বের করা • ছক ৬.৩ : সমস্যার সমাধান পর্যালোচনা • পৃষ্ঠা ১১০; বক্স: 'সমস্যা সমাধানে আমার প্রয়াস' • শিক্ষার্থীর জমা দেওয়া জীবন ও জীবিকা খাতা (শিক্ষার্থী যে খাতায় শ্রেণির কাজ ও বাড়ির কাজ করে) • পাঠ্যপুস্তকে সন্নিবেশিত স্বমূল্যায়ন ছকসমূহ
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	** স্কোর ১-৫	** স্কোর ৬-১০	** স্কোর ১১-১৫	
বিশেষ নির্দেশনা	এই অধ্যায়ের জন্য গঠিত দলে সহপাঠীরা প্রত্যেক সদস্যের জন্য উপরের ছক ১.১ *"পিআই ৬.৩.১. কার্যকর যোগাযোগের মাধ্যমে সহযোগিতামূলক মনোভাব বজায় রেখে সমস্যা সমাধানের প্রয়াস নেওয়া"* পূরণ করবে। দলের প্রত্যেক সদস্য কে কোন মাত্রায় দলীয় কাজে অংশগ্রহণ করেছে তা আলোচনা করে দলের সকল সদস্য মিলে ঠিক করবে। সহপাঠীদের কাছ থেকে প্রাপ্ত স্কোরিং অনুযায়ী শিক্ষার্থীদের লেভেল নির্দিষ্ট করুন।			

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক			
অধ্যায় নং : ৭ **অধ্যায়ের শিরোনাম : স্কিল কোর্স**		**শ্রেণি : ৬ষ্ঠ**	**বিষয় :** জীবন ও জীবিকা

পারদর্শিতার সুচক (PI)	**পারদর্শিতার সুচকের মাত্রা**			**যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন**
	□	○	△	
৬.৭.১ সঠিকভাবে ভাত রান্না করতে পারা এবং বাড়িতে নিয়মিত ভাত রান্নার অনুশীলন করা।	ভাত রান্নায় আংশিক দক্ষতা অর্জন করেছে ও কদাচিৎ বাড়িতে ভাত রান্নার অনুশীলন করে।	পরিচ্ছন্নতা বজায় রেখে, নিরাপত্তা মেনে, ভাত রান্না করতে পারে এবংবাড়িতে মাঝেমাঝে অনুশীলন করে।	পরিচ্ছন্নতা বজায় রেখে, নিরাপত্তা মেনে, ভাত রান্না করতে পারে এবং বাড়িতে নিয়মিত অনুশীলন করে।	১১৭ ও ১১৮ পৃষ্ঠার শিক্ষার্থীর কাজ
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। প্রতিষ্ঠানে নির্দিষ্ট স্থানে ভাত রান্নার সময় পরিচ্ছন্নতা বজায় রেখেছে ২। ভাত রান্না করতে পেরেছে ৩। স্বমূল্যায়ন ছকে বাড়িতে ভাত রান্নার প্রমাণাদি সংযুক্ত করেছে ৪। অভিভাবকের মতামত ঘরে মতামত সংগ্রহ করেছে ৫। নির্দিষ্ট ছকে নিজের অনুভূতি ব্যক্ত করেছে	১। প্রতিষ্ঠানে ভাত রান্নার সময় পরিচ্ছন্নতা বজায় রেখেছে ২। পরিমান ঠিক রেখে সঠিকভাবে ভাত রান্না করতে পেরেছে ৩। স্বমূল্যায়ন ছকে বাড়িতে ভাত রান্নার প্রমাণাদি সংযুক্ত করেছে ৫। অভিভাবকের মতামত অনুযায়ী ঘরে রান্নার অনুশীলন করে ৬। বাড়িতে মাঝে মাঝে ভাত রান্না করে নিজের অনুভূতি পৃষ্ঠা ১১৮ "কাজটি করতে গিয়ে আমার অনুভূতি" ছকে লিখেছে।	১। প্রতিষ্ঠানে ভাত রান্নার সময় পরিচ্ছন্নতা বজায় রেখেছে ২। পরিমান ঠিক রেখে সঠিকভাবে ভাত রান্না করতে পেরেছে ৩। নিরাপত্তা বজায় রেখে রান্না করতে পারছে ৪। স্বমূল্যায়ন ছকে বাড়িতে ভাত রান্নার প্রমাণাদি সংযুক্ত করেছে ৫। অভিভাবকের মতামত অনুযায়ী ঘরে নিয়মিত রান্না করে ৬। বাড়িতে নিয়মিত ভাত রান্না করে নিজের অনুভূতি পৃষ্ঠা ১১৮ "কাজটি করতে গিয়ে আমার অনুভূতি" ছকে লিখেছে।	
৬.৭.২ সঠিকভাবে, সতর্কতা বজায় রেখে গাছের গাছে গ্রাফটিং করতে পারা এবং বাড়িতে অন্তত একটি গাছের গ্রাফটিং করা।	প্রক্রিয়া অবলম্বন না করে গ্রাফটিং করার চেষ্টা করেছে।	পদ্ধতিগতভাবে সতর্কতা বজায় রেখে অন্তত একটি গাছের গ্রাফটিং প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করেছে কিন্তু উপজোড়কে টিকানো যায়নি।	পদ্ধতিগতভাবে সতর্কতা বজায় রেখে অন্তত একটি গাছে সফল গ্রাফটিং সম্পন্ন করেছে।	পৃষ্ঠা ১৪০, ১৪১, ১৪২ ও ১৪৩ পৃষ্ঠার শিক্ষার্থীর কাজ
	যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে			
	১। শ্রেণিকার্যক্রমটি চলাকালীন সময়ে নির্ধারিত কাজটি সতর্কতা বজায় রেখে অনুশীলন করতে পারছে ১। স্বমূল্যায়ন ছকে গ্রাফটিং এর প্রমাণাদি সংযুক্ত করেছে	১। শ্রেণিকার্যক্রমটি চলাকালীন সময়ে নির্ধারিত কাজটি সতর্কতা বজায় রেখে অনুশীলন করতে পারছে ২। স্বমূল্যায়ন ছকে গ্রাফটিং এর প্রমাণাদি সংযুক্ত করেছে ৪। অভিভাবকের মতামত অনুযায়ী বাড়িতে গ্রাফটিং এর অনুশীলন করেছে।	১। শ্রেণিকার্যক্রমটি চলাকালীন সময়ে নির্ধারিত কাজটি সতর্কতা বজায় রেখে অনুশীলন করতে পারছে ২। স্বমূল্যায়ন ছকে গ্রাফটিং এর প্রমাণাদি সংযুক্ত করেছে (সফল গ্রাফটিং সম্পন্ন হয়েছে এমন গাছটির ছবিসহ)	

			৪। অভিভাবকের মতামত অনুযায়ী সফলভাবে বাড়িতে গ্রাফটিং সম্পন্ন করেছে। ৫। ১৪৩ পৃঠার নির্দিষ্ট ছকে নিজের অনুভূতি ব্যক্ত করেছে	
বিশেষ নির্দেশনা	১। শ্রেণিতে ভাত রান্নার অনুশীলন পর্যবেক্ষণ করতে হবে। রান্নার অনুশীলনে পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বজায় রাখা ও পরিমান ঠিক রাখার রেকর্ড সংগ্রহ করতে হবে। ২। শিক্ষার্থীরা নিজেদের বাড়িতে ভাত রান্না করে কিনা; কদাচিৎ করে নাকি মাঝে মাঝে করে নাকি নিয়মিত করে এই সংক্রান্ত খোঁজ খবর নিতে হবে, সম্ভব হলে ছবি দেখা যেতে পারে । ৩। তাছাড়া সামষ্টিক মূল্যায়নের সময় শিক্ষার্থীদের তৎপরতা দেখেও এই বিষয়ে তাদের অনুশীলনের মাত্রা পর্যবেক্ষন করতে হবে। ৪। শিক্ষার্থীরা শ্রেণি কার্যক্রম চলাকালীন সময়ে পদ্ধতি অবলম্বন করে সঠিকভাবে কাজটি করছে কিনা, সতর্কতা বজায় রাখছে কিনা ইত্যাদি বিষয়গুলো পর্যবেক্ষন করতে হবে। ৫। শিক্ষার্থীদের নিজেদের বাড়িতে করা গাছের খোঁজ খবর নিতে হবে, সম্ভব হলে ছবি দেখা যেতে পারে । এছাড়া যদি সম্ভব হয় বিদ্যালয়ের বাগানেও গাফটিং অনুশীলন করা যেতে পারে যাতে শিক্ষক ও শিক্ষার্থী উভয়ে নিয়মিত পর্যবেক্ষন করতে হবে।			

** ছক ২.১: পিআই ৬.৩.১. কার্যকর যোগাযোগের মাধ্যমে সহযোগিতামূলক মনোভাব বজায় রেখে সমস্যা সমাধানের প্রয়াস নেওয়া

	ক	খ	গ
ক্রম	**৩**	**২**	**১**
১.	দলগত কাজে সবসময় আগ্রহ নিয়ে কাজ করে	দলগত কাজে মাঝে মাঝে আগ্রহ নিয়ে কাজ করে	দলগত কাজ করতে কদাচিৎ আগ্রহ দেখায়
২.	দলগত কাজে নিজের অংশের কাজ সবসময় যথাযথ সময়ে করে।	দলগত কাজে নিজের অংশের কাজ মাঝেমাঝে যথাযথ সময়ে করে।	দলগত কাজে নিজের অংশের কাজ কদাচিৎ যথাযথ সময়ে করে।
৩.	নিজের মতামত স্পষ্টভাবে দলের সাথে শেয়ার করে।	মাঝে মাঝে নিজের মতামত দলের সাথে শেয়ার করে।	নিজের মতামত কদাচিৎ দলের সাথে শেয়ার করে।
৪.	সকল সময় অন্যদের মতামত মনোযোগ দিয়ে শুনে	মাঝে মাঝে অন্যদের মতামত মনোযোগ দিয়ে শুনে	অন্যদের মতামত কদাচিৎ মনোযোগ দিয়ে শুনে
৫.	নিজ দলের সদস্যদের আন্তরিকভাবে সবসময় সহায়তা করে।	নিজ দলের সদস্যদের মাঝেমাঝে সহায়তা করে।	নিজ দলের সদস্যদের কদাচিৎ সহায়তা করে।
	১৫	১০	৫

উদাহরন

যদি একজন শিক্ষার্থীর লেভেল ১, ২, ৩, ৪ ও ৫ নং ক্রমে যথাক্রমে ক, ক, খ, গ, গ হয় তবে তার স্কোর হলো ৩+৩+২+১+১=১০ অর্থাৎ তার লেভেল হলো ○

যদি তা যথাক্রমে ক, ক, খ, খ, গ হয় তবে তার স্কোর হলো ৩+৩+২+২+১=১১ অর্থাৎ তার লেভেল হলো △

যদি কেউ সবগুলোতেই গ পায় তবে তার স্কোর হলো ১+১+১+১+১=৫ অর্থাৎ তার লেভেল হলো □

পরিশিষ্ট ৩

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট অধ্যায় বা শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক পরবর্তী পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি অধ্যায় শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন।

উদাহরণ:

'কাজের মাঝে আনন্দ' এই অধ্যায়ের শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে দুইটি পারদর্শিতার সূচক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ৬.৪.১ এবং ৬.৪.২ (পরিশিষ্ট-২ দেখুন)। শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

প্রতিষ্ঠানের নাম :					তারিখ:
অধ্যায় নং : ১	শ্রেণি :	৬ষ্ঠ	বিষয় :	জীবন ও জীবিকা	শিক্ষকের নাম ও স্বাক্ষর
অধ্যায়ের শিরোনাম :	কাজের মাঝে আনন্দ				মোঃ আকরাম হোসেন

		প্রযোজ্য PI নং							
রোল নং	নাম	৬.৪.১	৬.৪.২						
০১	মোহনা চৌধুরী	□●△	□○▲	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
০২	রাসেল আহমেদ	□●△	□●△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
০৩	অমিত কুণ্ডু	□○▲	□○▲	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
০৪	নিলুফার ইয়াসমিন	■○△	□●△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
০৫	শিউলি সরকার	□○▲	□●△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
০৬	পার্থ রোজারিও	□○▲	□●△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△

প্রতিষ্ঠানের নাম :					তারিখ:
অধ্যায় নং :	শ্রেণি :		বিষয় :	জীবন ও জীবিকা	শিক্ষকের নাম ও স্বাক্ষর :
অধ্যায়ের শিরোনাম :					

		প্রযোজ্য PI নং					
রোল নং	নাম						
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△

		প্রযোজ্য PI নং					
রোল নং	নাম						
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△

পরিশিষ্ট ৪

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

প্রতিষ্ঠানের নাম			
শিক্ষার্থীর নাম :			
শিক্ষার্থীর আইডি :	শ্রেণি : ষষ্ঠ	বিষয় : জীবন ও জীবিকা	শিক্ষকের নাম :

পারদর্শিতার সূচকের মাত্রা

পারদর্শিতার সুচক	শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা		
৬.১.১ নিজের পছন্দ ও যোগ্যতা বিবেচনা করে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করা	□	○	△
	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো আংশিক নির্ণয় করে পছন্দ ও যোগ্যতার সাথে সম্পর্কহীন নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো যথাযথভাবে নির্ণয় করে পছন্দ ও যোগ্যতার সাথে আংশিক সংশ্লিষ্ট নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।	বিভিন্ন ক্ষেত্রে নিজের পছন্দ ও যোগ্যতাগুলো যথাযথভাবে নির্ণয় করে নিজ সম্পর্কে অপরের ধারণা বিবেচনায় নিয়ে নিজের জীবনের লক্ষ্য নির্ধারণ করেছে।
৬.১.২নিজের জীবনের লক্ষ্য অর্জনের জন্য স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা	□	○	△
	লক্ষ্যের সাথে তেমন সম্পর্ক নেই এমন আংশিক স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে	লক্ষ্যের সাথে মিল রেখে আংশিক স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে	লক্ষ্যের সাথে মিল রেখে যথাযথ স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেছে
৬.২.১ সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তন বিশ্লেষণ করা	□	○	△
	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন আংশিক নির্ধারণ করতে পেরেছে কিন্তু পরিবর্তনের কারণসমূহ যথাযথভাবে নির্ণয় করতে পারেনি।	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরণ যথাযথভাবে নির্ধারণ করলেও পরিবর্তনের কারণ আংশিক নিরূপণ করতে পেরেছে।	সময়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় পেশাসমূহের পরিবর্তনের ধরন যথাযথভাবে নির্ধারণ করে পরিবর্তনের কারণসমূহ খুঁজে বের করেছে।
৬.২.২ সুনির্দিষ্ট একটি পেশার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো অনুসন্ধান করে সেগুলো অর্জনের জন্য বিদ্যমান সুযোগগুলো শনাক্ত করা।	□	○	△
	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ আংশিক চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করতে পারলেও তা অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করতে পারেনি।	পদ্ধতিগতভাবে নির্দিষ্ট একটি পেশার প্রয়োজনীয় দক্ষতাসমূহ চিহ্নিত করে সেগুলো অর্জনের জন্য স্থানীয় প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করেছে।
৬.৩.১. কার্যকর যোগাযোগের মাধ্যমে সহযোগিতামূলক মনোভাব বজায় রেখে সমস্যা সমাধানের প্রয়াস নেওয়া	□	○	△
	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করার চেষ্টা করে।	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করে, দলীয়কাজে নিজের মতামত প্রদান করে।	দলে একসাথে কাজ করতে আগ্রহী, দলে নিজের কাজের অংশ সঠিকভাবে করে, দলীয়কাজে নিজের মতামত প্রদান করে, নিজের কাজের বিষয়ে অন্যের মতামত শুনতে আগ্রহী এবং অন্যকে দলীয় কাজে সহায়তা করে।

৬.৪.১ নিজের কাজ নিজে করা	◻	○	△
	নিজের কাজ মাঝে মাঝে করা।	নিজের সকল কাজ স্বতঃস্ফূর্তভাবে নিয়মিত করা।	নিজের সকল কাজ স্বতঃস্ফূর্ত ও সুচারুভাবে নিয়মিত করা।
৬.৪.২ পারিবারিক কাজে অংশগ্রহণ	◻	○	△
	পারিবারিক কাজে মাঝে মাঝে সহায়তা করা।	পারিবারিক কাজে নিয়মিতভাবে সহায়তা করা।	পারিবারিক কাজে স্বতঃস্ফূর্ত ও নিয়মিতভাবে সহায়তা করা।
৬.৫.১ আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে পরিকল্পিত সঞ্চয় করা	◻	○	△
	কদাচিৎ আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে অপরিকল্পিত সঞ্চয় করেছে।	মাঝে মাঝে আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে সঞ্চয় করেছে।	নিয়মিত ও যথাযথভাবে আর্থিক ডায়রিতে আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করে আর্থিক পরিকল্পনা অনুযায়ী সঞ্চয় করেছে।
৬.৬.১ ৪০ বছর পরের নিজ এলাকার প্রত্যাশিত ভবিষ্যৎ কল্পনা করে তার চিত্র আকাঁ বা তা নিয়ে গল্প লিখা।	◻	○	△
	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি বিবেচনা না করে নিজ এলাকার ভবিষ্যতের চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি আংশিক বিবেচনা নিয়ে নিজ এলাকার ভবিষ্যৎ কল্পনা করে তার চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।	পরিচিত ভবিষ্যৎ প্রযুক্তি বিবেচনা নিয়ে নিজ এলাকার ভবিষ্যৎ যৌক্তিকভাবে কল্পনা করে তার চিত্র এঁকেছে বা গল্প লিখেছে।
৬.৬.২ ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশায় নতুন প্রযুক্তির প্রভাব বিশ্লেষণ করা।	◻	○	△
	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির সাধারণ প্রভাব আংশিক বিশ্লেষণ করতে পেরেছে।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশার উপর একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব আংশিক বিশ্লেষণ করতে পেরেছে।	ভবিষ্যৎ চক্র ব্যবহার করে পেশার উপর একটি নির্দিষ্ট ভবিষ্যৎ প্রযুক্তির প্রভাব যথাযথভাবে বিশ্লেষণ করতে পেরেছে।
৬.৭.১ সঠিকভাবে ভাত রান্না করতে পারা এবং বাড়িতে নিয়মিত ভাত রান্নার অনুশীলন করা।	◻	○	△
	ভাত রান্নায় আংশিক দক্ষতা অর্জন করেছে ও কদাচিৎ বাড়িতে ভাত রান্নার অনুশীলন করে।	পরিচ্ছন্নতা বজায় রেখে, নিরাপত্তা মেনে, ভাত রান্না করতে পারে এবংবাড়িতে মাঝেমাঝে অনুশীলন করে।	পরিচ্ছন্নতা বজায় রেখে, নিরাপত্তা মেনে, ভাত রান্না করতে পারে এবং বাড়িতে নিয়মিত অনুশীলন করে।
৬.৭.২ সঠিকভাবে, সতর্কতা বজায় রেখে গাছের গাছে গ্রাফটিং করতে পারা এবং বাড়িতে অন্তত একটি গাছের গ্রাফটিং করা।	◻	○	△
	প্রক্রিয়া অবলম্বন না করে গ্রাফটিং করার চেষ্টা করেছে।	পদ্ধতিগতভাবে সতর্কতা বজায় রেখে অন্তত একটি গাছের গ্রাফটিং প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করেছে কিন্তু উপজোড়কে টিকানো যায়নি।	পদ্ধতিগতভাবে সতর্কতা বজায় রেখে অন্তত একটি গাছে সফল গ্রাফটিং সম্পন্ন করেছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ